

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
হাসপাতাল ও ক্লিনিক শাখা সমূহ
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নংঃ-স্বাঃ অধিঃ হাসঃ/ করোনা হাসঃ রূপান্তর/ MOU/আবুল খায়ের গ্রুপ/২০২০/ ০৮৪


তারিখঃ- ০৩/০৫/২০২০খ্রি

বিষয়ঃ বিনামূল্যে অক্সিজেন সিলিন্ডার Refill করণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০২ রা মে ২০২০ খ্রিঃ তারিখে স্বাস্থ্য অধিদপ্তর এবং আবুল খায়ের গ্রুপ এর মধ্যে অক্সিজেন সরবরাহ ও ফিলিং সম্পর্কিত বিষয়ে এক সমঝোতা স্মারক (MOU) সাক্ষরিত হয়। MOU মোতাবেক ঢাকা ও চট্টগ্রাম বিভাগের ডেডিকেটেড করোনা হাসপাতাল সমূহের ব্যবহারের জন্য অক্সিজেন সিলিন্ডার সমূহ তাহাদের চট্টগ্রামের সীতাকুন্ড কারখানায় একটি সুপারিশ পত্রসহ প্রেরণ করলে আবুল খায়ের গ্রুপ সেগুলোতে বিনামূল্যে অক্সিজেন Refill করে দিবে। তিন মাস মেয়াদে যতবার Refill এর দরকার হবে, ততবারই বিনামূল্যে Refill করে দেয়া হবে। এক্ষেত্রে পরিবহন ব্যয় প্রতিষ্ঠান প্রধান/সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বহন করতে হবে।

অপরদিকে আবুল খায়ের গ্রুপ ২০০ টি অক্সিজেন সিলিন্ডার সহ Extra support দিবে। এই ২০০ টি অক্সিজেন সিলিন্ডার যতবার Refill করার দরকার হোক না কেন তার সকল পরিবাহন খরচ আবুল খায়ের গ্রুপই বহন করবে। তবে এই গুলোর হিসাব ও রক্ষণাবেক্ষণ আলাদাভাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভান্ডার রক্ষকে সংরক্ষণ করতে হবে। কারণ মেয়াদ শেষে আবুল খায়ের গ্রুপ অক্সিজেন সিলিন্ডারগুলি ফেরৎ নিবে।

এমতাবস্থায় উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হলো।


(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক, (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

ফোন নং-৫৫০৬৭১৫০ ফ্যাক্স-৫৫০৬৭১৫১

Email: ihs@ld.dghs.gov.bd

বিতরণঃ-

- (১) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) - ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।
- (২) পরিচালক/তত্ত্বাবধায়ক, ডেডিকেটেড কোভিড হাসপাতাল সমূহ - ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (সকল)।
- (৩) সিভিল সার্জন - ঢাকা ও চট্টগ্রাম বিভাগ (সকল)।

স্মারক নংঃ-স্বাঃ অধিঃ হাসঃ/ করোনা হাসঃ রূপান্তর/ MOU/আবুল খায়ের গ্রুপ/২০২০/

তারিখঃ- ০৩/০৫/২০২০খ্রি

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলঃ-

- (১) মহাপরিচালক, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক (সমন্বয়)
- (২) নির্বাহী পরিচালক, আবুল খায়ের গ্রুপ (আপনাকে প্রয়োজনীয় সহযোগিতা করার অনুরোধ করা হলো)।
- (৩) অফিস কপি।

(ডাঃ মোঃ আমিনুল হাসান)

পরিচালক, (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২